দৈনিক ইনকিলাব

26 MAR 2008

পরীক্ষার্থী ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন

# এসএসসি ও দাখিল পরীক্ষা কাল থেকে শুরু

## যে কোন অপতৎপরতা কঠোর হস্তে দমন করা হবে : শিক্ষা উপদেষ্টা

স্টাফ রিপোর্টার : সাতটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে আগামীকাল ২৭ মার্চ থেকে শুরু হচ্ছে ২০০৮ সালের এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা। এ উপলক্ষে গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান বলেছেন, এসএসসি, দাখিল, এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার পরিবেশ সম্পূর্ণ নকলমুক্ত থাকবে। পরীক্ষায় ছাত্র-শিক্ষক-কর্মকর্তাদের যেকোন অপতৎপরতাকে কঠোর হস্তে পৃঃ ১১ ঃ কঃ ৩

## এসএসসি ও দাখিল

প্রথম পৃষ্ঠার পর

দমন করার নির্দেশ দেয়া হয়েছে। উদ্ভূত যেকোন পরিস্থিতিতে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ এবং কঠোর ব্যবস্থা গ্রহণে তারা প্রস্তুত থাকবেন। ইতোমধ্যে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতিও সম্পন্ন হয়েছে। সংবাদ সম্মেলনে শিক্ষা উপদেষ্টা পরীক্ষার্থীসহ এ বিষয়ে বিভিন্ন তথ্য তুলে ধরেন।

তিনি জানান, এ বছর সারা দেশে সাতটি শিক্ষা বোর্ড, একটি কারিগরি বোর্ড এবং একটি মাদ্রাসা বোর্ডের অধীনে ২৫ হাজার ৮০৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১০ লাখ ১৩ হাজার ৩০১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে।

এর মধ্যে এসএসসি পরীক্ষায় মোট ৭ লাখ ৪৭ হাজার ৫৪৫ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। যার মধ্যে ৩ লাখ ৮৩ হাজার ৭৭০ ছাত্র এবং ৩ লাখ ৬৩ হাজার ৭৭৫ ছাত্রী। এসএসসির মোট পরীক্ষার্থীর মধ্যে এক লাখ ৭৭ হাজার ৬২৮ জন বিজ্ঞানে, ৩ লাখ ২৯ হাজার ৬০৬ জন মানবিকে এবং ২ লাখ ৪০ হাজার ৩১১ পরীক্ষার্থী ব্যবসায় শিক্ষা (বাণিজ্য) শাখা থেকে অংশ নিচ্ছে। মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষার্থীর সংখ্যা এক লাখ ৮৩ হাজার ৩৮১ জন। যার মধ্যে এক লাখ ১৫৯ জন ছাত্র এবং ৮৩ হাজার ২২২ জন ছাত্রী। এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার্থীর সংখ্যা ৮২ হাজার ৩৭৫ জন। তাদের মধ্যে ৫৭ হাজার ২৬২ জন ছাত্র এবং ২৫ হাজার ১১৩ ছাত্রী। তিনি আরও জানান, এবার ঢাকা বোর্ডের আওতায় বিদেশে মোট ৭টি কেন্দ্র থেকে ২১৯ জন ছাত্রী-ছাত্রী পরীক্ষা নিচ্ছে। বোর্ড অনুযায়ী সাত বোর্ডের মধ্যে ঢাকা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ২ লাখ ১৯ হাজার ৭৫৮ জন, রাজশাহী বোর্ডে ২ লাখ ৮ হাজার ৬৪৬ জন, কুমিল্লা বোর্ডে ৭৬ হাজার ৯৯০ জন, যশোরে এক লাখ ৬ হাজার ১৩৯ জন, চট্টগ্রামে ৫৫ হাজার ৮৮ জন, বরিশালে ৪৯ হাজার ১১৬ জন এবং সিলেট বোর্ডে ৩১ হাজার ৮০৮ জন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, সাত বোর্ডের এসএসসি পরীক্ষায় মোট কেন্দ্র সংখ্যা ৮৯৪টি, দাখিলে ৪৭৭টি এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় কেন্দ্র সংখ্যা ৪৬৬টি। এসএসসি পরীক্ষায় মোট ১৫ হাজার ১৩৮টি প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশ নিচ্ছে। অন্যদিকে, দাখিলে ৯ হাজার ১৬৮টি মাদ্রাসা এবং ভোকেশনালে এক হাজার ৫০৩টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী অংশ নিচ্ছে।

এসএসসিসহ সমমানের পরীক্ষায় বহিষ্কারের সংখ্যা দিন দিন কমে যাচ্ছে উল্লেখ করে শিক্ষা উপদেষ্টা বলেন, ২০০২ সালে এসএসসি পরীক্ষায় বহিষ্কার হয়েছিল ৩৫ হাজার ৯৭০ জন। সেটি কমতে কমতে ২০০৭ সালে বহিষ্কার হয় মাত্র ৯৮৫ জন। পরীক্ষায় শূন্য পাস প্রতিষ্ঠানের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের পাশাপাশি তাদের সমস্যা চিহ্নিত করে সে অনুযায়ী পদক্ষেপ নেয়া হচ্ছে বলে তিনি জানান।

গত বারের চেয়ে এসএসসি পরীক্ষার্থীর সংখ্যা কিছু কমে যাওয়ার বিষয়ে জানতে চাইলে সংবাদ সম্মেলনে উপস্থিত শিক্ষা সচিব মোমতাজুল ইসলাম বলেন, অনেকে রেজিস্ট্রেশন করেও পরীক্ষা দেয় না। অনেকে বিদেশ চলে যায়, কেউ কেউ নির্বাচনী পরীক্ষায় পাস করতে পারেনি। আবার অনেক মেয়েদের বিয়ে হয়ে যায়। যে কারণে এসএসসিতে পরীক্ষার্থী কিছু কমেছে। তবে মাদ্রাসা ও কারিগরীতে পরীক্ষার্থী বেড়েছে। ২০০৭ সালে এসএসসি পরীক্ষার্থী ছিল ৭ লাখ ৯৬ হাজার ৭৩ জন।